

নির্বাচন কমিশন
বাংলাদেশ
নির্বাচন কমিশন সচিবালয়
শেরে বাংলা নগর, ঢাকা
নির্বাচন ব্যবস্থাপনা ও সমন্বয় শাখা-১

অতীব জরুরী
নির্বাচন অগ্রাধিকার

স্মারক নং : নং ১৭.০০.০০০০.০৩৪. ৩৬. ১২(অংশ-৫)-৪২৩

তারিখ : ২৮ অক্টোবর ২০১৩ খ্রিস্টাব্দ ।

বিষয়ঃ দশম জাতীয় সংসদ নির্বাচন উপলক্ষে ডিসেম্বর/২০১৩ মাসের ১ম সপ্তাহের মধ্যে সকল পাবলিক পরীক্ষাসহ বার্ষিক পরীক্ষা, টেস্ট পরীক্ষা, ভর্তি পরীক্ষা সম্পন্ন করা ।

উপর্যুক্ত বিষয়ে নিম্নস্বাক্ষরকারী আদিষ্ট হয়ে জানাচ্ছে যে, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের ১২৩(৩) অনুচ্ছেদের দফা (ক) অনুসারে ২৭, অক্টোবর ২০১৩ তারিখ হতে ২৪ জানুয়ারী ২০১৪ এর মধ্যে ১০ম জাতীয় সংসদ নির্বাচন অনুষ্ঠান করতে হবে। মাননীয় নির্বাচন কমিশন যথাসময়ে এ নির্বাচন অনুষ্ঠানের জন্য সময়সূচী ঘোষণা করবে। দেশের অধিকাংশ সরকারী, সরকারী অনুদানপ্রাপ্ত ও কোন কোন ক্ষেত্রে অনেক বে-সরকারী শিক্ষা প্রতিষ্ঠানও উল্লিখিত নির্বাচনে ভোটকেন্দ্র হিসাবে ব্যবহারিত হবে। তাছাড়া সরকারি, আধা-সরকারি, স্বায়ত্বশাসিত ও কোন কোন ক্ষেত্রে বেসরকারী অফিসের কর্মকর্তা/কর্মচারী এবং সরকারী, সরকারী অনুদানপ্রাপ্ত ও কোন কোন বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষকগণকেও ভোটগ্রহণ কর্মকর্তা হিসেবে নিয়োগ দেয়া হবে। উক্ত ভোট গ্রহণ কর্মকর্তাদের প্রশিক্ষণ ডিসেম্বর/১৩ মাসের প্রথম সপ্তাহ থেকেই শুরু করা হবে। উল্লিখিত প্রতিষ্ঠান সমূহের কোন কোনটিকে প্রশিক্ষণের স্থান হিসেবে ব্যবহার করা হবে। তাছাড়া উল্লিখিত প্রতিষ্ঠান সমূহ ভোট গ্রহণের কয়েকদিন পূর্বে ভোটকেন্দ্র স্থাপনের জন্য উপযোগী করা হলো।

২। উল্লিখিত কারণে সরকারী, সরকারী অনুদানপ্রাপ্ত, সকল স্কুল, কলেজ, মাদ্রাসার বার্ষিক পরীক্ষা, টেস্ট পরীক্ষা, ভর্তি পরীক্ষাসহ সকল পরীক্ষা ডিসেম্বর/১৩ মাসের ১ম সপ্তাহের মধ্যে সম্পন্ন করার জন্য অনুরোধ করা হ'ল। সেই সাথে উল্লিখিত সময়সীমার মধ্যে অনুষ্ঠেয় বোর্ড/বিশ্ববিদ্যালয়ের অধীনস্থ সকল পাবলিক পরীক্ষাও ডিসেম্বর/১৩ মাসের ১ম সপ্তাহের মধ্যে সম্পন্ন করার জন্য অনুরোধ করা হ'ল।

স্বাক্ষরিত/-

(মোঃ ফরহাদ হোসেন)

সিনিয়র সহকারী সচিব(নিঃব্যও সঃ-১)


ফোন নং : ৯১৮০৭৮৪

স্মারক সংখ্যা : উমা/পনি/৫১৬

তারিখ : ২৫-১১-২০১৩

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরিত হ'ল :

- ১। জেলা প্রশাসক (অত্র বোর্ডের আওতাধীন সকল জেলা)
- ২। উপজেলা নির্বাহী কর্মকর্তা (অত্র বোর্ডের আওতাধীন সকল উপজেলা)
- ৩। উপজেলা শিক্ষা কর্মকর্তা(অত্র বোর্ডের আওতাধীন সকল উপজেলা)
- ৪। মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক পর্যায়ে সকল শিক্ষা প্রতিষ্ঠান প্রধান।
- ৫। অফিস কপি।



(প্রফেসর মুহম্মদ আবু দাউদ)

পরীক্ষা নিয়ন্ত্রক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড

যশোর।

ফোন নং : ০৪২১-৬৮৬৬৬


২৭/১১/১৩